

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.৫৭.১৪৯.২০১৮(পার্ট-২)/১৫৩

তারিখ : ২৩/০৩/২০২২ খ্রি.

বিষয়: 'কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম' এর আওতায় আয়রন ফলিক এসিড (IFA) ট্যাবলেট খাওয়ানো কার্যক্রম শুরু করা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক দেশব্যাপী কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে Unicef এর সহায়তায় লক্ষাধিক শিক্ষক-কর্মকর্তাগণকে Adolescent Nutrition Training অ্যাপস এর মাধ্যমে পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গত ৮ অক্টোবর ২০২০ সনে মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয় কৈশোরকালীন পুষ্টি কার্যক্রমের প্রশিক্ষণ অ্যাপস এবং কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম বাস্তবায়নে গাইডলাইন ২০২০ এর শূভ উদ্বোধন করেন। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে দেশের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহে প্রায় ৮ (আট) কোটি আয়রন ফলিক এসিড ট্যাবলেট বিতরণ করা হয়েছে। কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম বাস্তবায়নে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সার্বিক প্রস্তুতি সম্পন্ন হওয়ায় আগামী ২৭/০৩/২০২২ খ্রি. থেকে দেশব্যাপী সকল নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়সমূহের মেয়ে শিক্ষার্থীদের প্রতি সপ্তাহে একটি করে আয়রন ফলিক এসিড ট্যাবলেট খাওয়ানো কার্যক্রম শুরু করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

"বিষয়টি অতীব জরুরি।"

২৩/০৩/২২
প্রফেসর মোহাম্মদ আহমেদ
মহাপরিচালক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)
উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, নাদরাসা ও কারিগরি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। পরিচালক (কলেজ ও প্রশাসন)/প্রশিক্ষণ/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/মনিটরিং/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৫। লাইন ডিরেক্টর, জাতীয় পুষ্টিসেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা-১২১২।
- ০৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
- ০৭। জেলা প্রশাসক (সকল)।
- ০৮। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
- ০৯। মাননীয় শিক্ষা মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। মাননীয় শিক্ষা উপ-মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
- ১২। মহাপরিচালকের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ১৩। অফিস কপি।